



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ০৫.০২.২০২৫

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে জাতীয় গ্রন্থাগার দিবস পালন ও পিঠা উৎসব অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ বুধবার (০৫ ফেব্রুয়ারি) জাতীয় গ্রন্থাগার দিবস পালন করা হয়েছে। সকাল ১০টায় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান-এর নেতৃত্বে প্রশাসন ভবন থেকে এক র্যালি বের হয়। র্যালিতে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন। আরও উপস্থিত ছিলেন প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান ও অতিরিক্ত গ্রন্থাগারিক মো. হাফিজুর রহমান মোল্লা।

র্যালি শেষে কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে এক সংক্ষিপ্ত বক্তব্যে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, গ্রন্থাগারে এসে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। অনলাইনে বই পাওয়া গেলেও নতুন বইয়ের ঘাণ অন্যরকম। পড়াশোনার মাধ্যমে জ্ঞানের ভান্ডারকে আরও প্রসারিত করতে হবে। তিনি বলেন, লাইব্রেরির সুযোগ সুবিধা বৃদ্ধির ব্যাপারেও আমরা কাজ করে যাচ্ছি।

এদিকে দুপুরে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে স্বাধীনতা চত্বরের সামনে এক পিঠা উৎসব হয়েছে। বিভাগের শিক্ষার্থীরা বিভিন্ন স্টলে হরেক রকমের পিঠা সাজিয়ে রাখেন। স্টলগুলো ঘুরে দেখেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। সঙ্গে ছিলেন ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক ড. মো. রাশেদুল হক এবং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শেখ রাসেল আল আহমেদ। অতিথিরা বিভিন্ন স্টলের পিঠা খেয়ে উৎসবকে আরও উপভোগ্য করে তুলেন।

এ সময় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

০৫.০২.২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।